গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
সাভার, ঢাকা
www.niyd.gov.bd

**জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর ১৭ জুন ২০২৬ মাসে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ৮ম সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মনোয়ার হোসেন<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| তারিখ | : | ১৭ জুন ২০২৬ খ্রি. |
| সময় | : | সকাল ১১.০০ঘটিকা |
| স্থান | : | জুম অনলাইন প্ল্যাটফর্ম |
| উপস্থিত অংশগ্রহনকারীগণের তালিকা | : | পরিশিষ্ট 'ক' |

জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর একাডেমিক কাউন্সিলের ৮ম সভায় সভাপতি ও মহাপরিচালক (অতিঃ দায়িত্ব), জনাব মোঃ মনোয়ার হোসেন, উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভায় উপস্থিত সদস্যবৃন্দের মতামত গ্রহণপূর্বক কার্যপত্র উপস্থাপন করেন। অতঃপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| নং | আলোচ্য বিষয় | আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | বিগত ১০ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিঃ এর ৭ম সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | কোন সংশোধনী না থাকায় বিগত ৭ম সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়। | - |
| ২ | প্রশিক্ষণ প্রবিধানমালা অনুমোদন | প্রশিক্ষণ প্রবিধানমালা উপস্থাপন করা হলে এতদসংক্রান্ত বিশদ আলোচনা হয় এবং কমিটির সম্মানিত সদস্য জনাব নিজাম উদ্দীন আহমেদ, পরিচালক, বিপিএটিসি, প্রবিধানমালায় উল্লিখিত সংজ্ঞাসমূহ বাংলা অক্ষরভিত্তিক ক্রমানুসারে সাজানোর মতামত প্রদান করেন। একইসাথে তিনি প্রবিধানমালার ৮(ছ) (২) এবং ৮(জ) প্রবিধিতে উল্লিখিত, প্রবিধানের পরিবর্তন/সংশোধন/পরিবর্ধন এবং প্রবিধানের ব্যাখ্যা প্রদান বিষয়ে ইনস্টিটিউট বা সরকার ব্যবস্থা গ্রহন করবে মর্মে মত প্রকাশ করলে উপস্থিত সভা এই বিষয়ে একমত পোষণ করেন।<br>সিদ্ধান্ত: প্রশিক্ষণ প্রবিধানমালার সংশোধনপূর্বক নির্বাহী কাউন্সিলে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট |
| ৩ | PGD in ICT & PGD in Fashion Design সিলেবাস চূড়ান্তকরণ | সভায় PGD in ICT & PGD in Fashion Design সিলেবাস পর্যবেক্ষণ সাপেক্ষে অংশগ্রহণকারীর সুবিধা ও সংখ্যা বৃদ্ধির জন্য জনাব মোঃ মাসুম আহমেদ, উপসচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় আবেদনকারীর বয়স যোগ্যতা ১৮-৩৫ থেকে ১৮-৪৫ বছর পর্যন্ত বৃদ্ধি করার প্রস্তাব করেন। সভার অন্যান্য সদস্যবৃন্দ এই বিষয়ে একমত পোষণ করেন।<br>সিদ্ধান্ত: বয়সযোগ্যতা পরিবর্তনপূর্বক PGD in ICT & PGD in Fashion Design সিলেবাস অনুমোদন করা হয়। | উপপরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা) |

| নং | আলোচ্য বিষয় | আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৪ | নীতি/নৈতিকতা ও ধর্মীয় বিষয়ক টপিকস মডিউলে অর্ন্তভুক্তকরণ | নীতি/নৈতিকতা ও ধর্মীয় বিষয়ক টপিকস মডিউলে অর্ন্তভুক্তকরণ বিষয়ে জনাব মোঃ মাসুম আহমেদ, উপসচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় **Ethics, Family & Social Values** এর আওতায় Social - responsibility & community development ও Social values and civic responsibility টপিক দুইটি একত্রিকরণ করে Social & Civic Responsibility করার জন্য মতামত প্রদান করেন। যুব উন্নয়ন অধিদপ্তরের উপসচিব, পরিচালক (পরিকল্পনা), জনাব মোহাম্মদ হুমায়ুন কবির, গুরুত্ব বিবেচনায় প্রতি কোর্সে Drug Addiction & Moral Degradation এর উপর সেশন ঘণ্টা ২ থেকে ৪ ঘণ্টায় উন্নীত করার সুপারিশ করেন এবং সভায় সকলেই একমত পোষণ করেন।<br><br>সিদ্ধান্ত: বর্ণিত সংশোধনপূর্বক নীতি/নৈতিকতা ও ধর্মীয় বিষয়ক টপিকস মডিউলে অর্ন্তভুক্তকরণ সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক (প্রশিক্ষণ ) |
| ৫ | জাপানিজ ও কোরিয়ান ভাষা বিষয়ক কোর্স চালুকরণ ও মডিউল চূড়ান্তকরণ | জাপানিজ ও কোরিয়ান ভাষা বিষয়ক কোর্স চালুকরণ ও মডিউল চূড়ান্তকরণ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। NSDA পরিচালক ড. জাহাঙ্গীর হোসেন জাপানিজ ভাষা বিষয়ক মডিউল নিয়ে বিস্তারিত ব্যাখ্যা প্রদান করেন এবং BNQF Level-2 বা জাপানিজ JLPT N5 স্ট্যান্ডার্ড অনুসরণ করে কোর্স শুরুর প্রস্তাব করেন।<br><br>জনাব মোঃ মাসুম আহমেদ, উপসচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, কোরিয়ান ভাষা বিষয়ক কোর্স চালুকরণে আধুনিক ভাষা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাথে কোরিয়ানসহ অন্যান্য ভাষা বিষয়ক কোর্সের সমঝোতা স্মারক (MoU) করার প্রস্তাব করেন। একইসাথে জাপানিজ ও কোরিয়ান ভাষা বিষয়ক প্রতিষ্ঠানগুলোর সাথে সমঝোতা স্মারক (MoU) সম্পন্ন করার মতামত দেন। সভার সভাপতি ও মহাপরিচালক (অতিঃ দায়িত্ব), জনাব মোঃ মনোয়ার হোসেনসহ অন্যান্য সদস্যগণ এই বিষয়ে একমত পোষণ করেন।<br><br>সিদ্ধান্ত: BNQF Level-2 বা জাপানিজ JLPT N5 স্ট্যান্ডার্ড অনুসরণপূর্বক মডিউল চূড়ান্তকরণ করা হয় এবং কোর্স চালুর সিদ্ধান্ত গৃহীত হয়। | রেজিস্ট্রার, পরিচালক, উপপরিচালক (সকল), সহকারী পরিচালক (অর্থ) |
| ৬ | বিবিধ | বিবিধ আলোচনায় উপসচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, জনাব মোঃ মাসুম আহমেদ বিদ্যমান প্রযুক্তি বিষয়ক চাহিদাসম্পন্ন কোর্সগুলোর সান্ধ্যকালীন পেইড কোর্স চালু করা যায় কিনা মতামত উপস্থাপন করেন। সভার সভাপতি ও মহাপরিচালক (অতিঃ দায়িত্ব), জনাব মোঃ মনোয়ার হোসেন এ বিষয়ে পরবর্তীতে কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে সভাকে অবহিত করেন।<br><br>সিদ্ধান্ত: সান্ধ্যকালীন পেইড কোর্স চালুকরণ বিষয়ে পরবর্তীতে কার্যক্রম গ্রহণ করা হবে। | জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মনোয়ার হোসেন
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ও
সভাপতি

স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.০৬.৪০.২১.(অংশ-১)-১২০০

তারিখ:- ৩ আষাঢ়, ১৪৩৩
১৭ জুন ২০২৬

বিতরণ: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১। ড. শেখ মোহাম্মদ জোবায়েদ হোসেন, যুগ্মসচিব (যুব অনুবিভাগ), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
২। জনাব লুলু বিলকিস বানু, যুগ্মসচিব (যুব-২ অধিশাখা), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
৩। জনাব মোহাম্মদ হুমায়ুন কবির, পরিচালক (পরিকল্পনা), যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা।
৪। জনাব মোঃ মাসুম আহমেদ, উপসচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়,
৫। জনাব নিজাম উদ্দীন আহমেদ, পরিচালক, বিপিএটিসি,
৬। ড. জাহাঙ্গীর হোসেন, পরিচালক,জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ।
৭। ড.এস.এম জুলফিকার আলি, গবেষণা পরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস)।
৮। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয় সদয় অবগতির জন্য)।
৯। প্রভাষক (সকল), জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।
১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।
১১। অফিস কপি।

মোঃ মনোয়ার হোসেন
রেজিস্ট্রার
ও
সদস্য সচিব, একাডেমিক কাউন্সিল